খেলা

হারল লিভারপুল

কমিউনিটি শিল্ড ফাইনালে লিভারপুলকে টাইব্রেকারে ৩–২ হারিয়ে চ্যাম্পিয়ন ক্রিস্টাল প্যালেস। নির্ধারিত সময়ে ফলাফল ছিল ২–২। টাইব্রেকারে গোল করতে ব্যর্থ মহম্মদ সালা, ম্যাক অ্যালিস্টারের মতো তারকারা। ম্যাচের আগে দিওগো জোটার স্মরণে নীরবতা পালন করা হয়।

বিরাট বলছি! রজতের সিম বিভ্রাট

আজকালের প্রতিবেদন

ফোনের উল্টোদিকে একজন নিজের পরিচয় দিচ্ছে বিরাট কোহলি। ছত্তিশগড়ের ওই প্রত্যন্ত গ্রামের তরুণের পক্ষে বিশ্বাস করা একটু কঠিনই ছিল। কয়েকদিন যেতে না যেতেই ফোন করে বসলেন এবি ডিভিলিয়ার্স। কী বললেন, কিছু বোঝা গেল না। শুধু নামটা বোঝা গেল। এবারও বিশ্বাস করা কঠিন। বিরাট কোহলি, এবি ডিভিলিয়ার্সরা খামোখা তাঁকে ফোন করতে যাবেনই বা কেন?

গ্রাম্য যুবক ধরেই নিলেন, কেউ একটা মজা করছে। বোকা বানাতে চাইছে। পরে একজন ফোন করে নিজের নাম বললেন রজত পতিদার। কোনও ভণিতা না করেই বললেন, 'ভাই, আমার সিমটা আমাকে ফেরত দাও।' এবারও শুরুতে বিশ্বাস হয়নি। গ্রাম্য তরুণ বলে বসলেন, 'এটা তো আমার সিম। আমি শহরের দোকান থেকে কিনেছি। এটা আমারই নম্বর।' এবার রজত বললেন, 'আমি পুলিশ পাঠাচ্ছি, তুমি তার হাতেই ফেরত দিও।' এবার যেন কিছুটা ভয় পেয়ে গেলেন। কয়েক মিনিট পরেই গ্রামে হাজির পুলিশের গাড়ি।

সেই গ্রাম্য তরুণের নাম মণীশ বিসি। বাড়ি ছত্তিশগড়ের মাদাগাঁও গ্রামে। নিকটবর্তী শহরের একটি মোবাইলের দোকান থেকে জিও–র সিম নেন। তাঁর এক বন্ধু একটি হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্টও খুলে দিলেন। তার পর থেকেই নানা বিভ্রান্তির শুরু। কখনও ফোন আসছে বিরাট কোহলির, কখনও যশ দয়ালের, কখনও ডিভিলিয়ার্সের। হচ্ছেটা কী? আসলে, অনেক আগে এটি রজত পতিদারের নম্বর ছিল। দীর্ঘদিন ব্যবহার করেননি। নম্বরটি নিষ্ক্রিয় হয়ে যায়। নতুন করে সেই নম্বরটি পান ছত্তিশগড়ের এই তরুণ। তারপর থেকেই রজতের নানা ফোন আসতে থাকে মণীশের কাছে। একসময় রজত নিজেও বুঝলেন। সাইবার সেলে জানালেন, 'আমার ফোন অন্য কারও কাছে চলে যাচ্ছে।' জেলার ডেপুটি পুলিশ সুপার বলেন, 'দীর্ঘদিন ওই ফোন ব্যবহার না হওয়ায় স্বাভাবিক নিয়মেই অন্য কারও নামে সেই সিম দেওয়া হয়। এতে কারও কোনও ভুল বা অপরাধ নেই। তবু রজত পতিদারকে তাঁর সিম ফেরত দেওয়া হয়েছে।' মণীশের কথায়, 'আমি বিরাট কোহলির সঙ্গে কথা বলেছি! এখনও বিশ্বাস হচ্ছে না। রসিকতাই ভেবেছিলাম। যা হল, তা অনেকটা সিনেমার মতোই।'

চর্চায় বুমরার ওয়ার্কলোড, একহাত পাটিলের

আজকালের প্রতিবেদন

ভারতীয় টিম ম্যানেজমেন্ট থেকে বোর্ডকর্তা। সকলেই চিন্তিত যশপ্রীত বুমরার ওয়ার্কলোড ম্যানেজমেন্ট নিয়ে। আর এই বিষয়টাকেই একহাত নিয়েছেন '৮৩–র কপিলদেবের বিশ্বকাপজয়ী দলের সদস্য সন্দীপ পাটিল।

ইংল্যান্ড সফরে পাঁচ ম্যাচের টেস্ট সিরিজে তিনটি ম্যাচ খেলেছেন বুমরা। এরকম হাইভোল্টেজ সিরিজে গুরুত্বপূর্ণ ক্রিকেটারকে বিশ্রাম দেওয়ার মানসিকতাকেই একহাত নিয়েছেন পাটিল। তাঁর কথায়, 'বিসিসিআই কীভাবে এগুলোয় রাজি হচ্ছে সেটা দেখেই আমি অবাক হয়ে যাচ্ছি। কোচ বা অধিনায়কের থেকে কি ফিজিও বেশি গুরুত্বপূর্ণ? নির্বাচকরা কী করছে? তাহলে কি এবার থেকে ফিজিও দল নির্বাচনী বৈঠকে থাকবে? সে–ই চূড়ান্ত সিদ্ধান্ত নেবে?' তাঁদের সময়ের উদাহরণ টেনে পাটিল বলেন, 'জাতীয় দলে সুযোগ পেয়েছ মানে, তুমি দেশের জন্য জীবন বাজি রাখবে। তুমি একজন যোদ্ধা। গাভাসকারকে টেস্টে পাঁচদিনই ব্যাট করতে দেখেছি। টেস্টে কপিলদেবকে টানা বল করতে দেখেছি। ওরা কখনও বিশ্রাম চায়নি। অভিযোগ করতেও দেখিনি। '৮১ সালে অস্ট্রেলিয়ায় মাথায় চোট পেয়েও পরের টেস্ট খেলেছি। এখনকার ক্রিকেটাররা তো সবরকম সুযোগ সুবিধে পায়। আমাদের সময় কিন্তু এই রিহ্যাবের ব্যাপারটাও ছিল না।'

আক্ষেপ নয়, এখন চোখ সামনে: করুণ

আজকালের প্রতিবেদন

ট্রিপল সেঞ্চুরির পরেও টেস্টের দরজা বন্ধ ছিল আট বছর। একসময় হতাশ হয়েই করুণ নায়ার লিখেছিলেন, 'ক্রিকেট, আমাকে আরও একটা সুযোগ দাও।' সুযোগ এসেছিল। ইংল্যান্ডগামী বিমানে তাঁকে উড়িয়ে নিয়ে যাওয়া হয়েছিল। পাঁচ টেস্টের মধ্যে চারটি টেস্টে খেলানোও হয়েছে। কিন্তু সুযোগটা সেভাবে কাজে লাগাতে পারেননি কর্ণাটকের এই ক্রিকেটার। ৪ টেস্টে করেছেন ২০৫ রান। মাত্র একবার পঞ্চাশের গণ্ডি পেরিয়েছেন।

প্রথম তিন টেস্ট নয়, বরং যে ম্যাচে পঞ্চাশের গণ্ডি পেরিয়েছেন, সেই ওভাল টেস্ট নিয়েই যেন বেশি আক্ষেপ শোনা গেল করুণের গলায়, 'আমি সত্যিই হতাশ। ওভালে যেভাবে ব্যাট করছিলাম, আমার ইনিংসটাকে সেঞ্চুরির দিকে টেনে নিয়ে যাওয়া উচিত ছিল। কিন্তু পারিনি।'

তিনি যে উইকেট ছুড়ে দিয়ে এসেছেন, এমনটা বলা যাবে না। বেশিরভাগ ক্ষেত্রে ভাল বলেই আউট হয়েছেন। সার্বিক ভাবে সিরিজটা কীভাবে দেখছেন? করুণের কথায়, 'এই সিরিজটা অনেকটাই চড়াই–উতরাইয়ের সিরিজ। আমার জীবনে এই সিরিজের একটা প্রভাব তো আছেই। তবে যা হয়েছে, তা নিয়ে বেশি মন খারাপ করতে চাই না। বরং কীভাবে ঘুরে দাঁড়ানো যায়, সেটাই ভাবছি। যেখানেই খেলি, বড় রান করতে হবে।'

সাজঘরের পরিবেশ কেমন ছিল? অধিনায়ক শুভমান গিল, কোচ গৌতম গম্ভীরের ভূমিকার প্রশংসা শোনা গেল করুণের মুখে, 'গোটা দলকে ঐক্যবদ্ধ রাখার ক্ষেত্রে বড় ভূমিকা ছিল শুভমানের। ও কী চায়, সেটা খুব পরিষ্কার বুঝিয়ে দিয়েছিল। আর গোতিভাই শুরুতেই বুঝিয়ে দিয়েছিল এটা মোটেই জুনিয়র দল নয়, এটা সেরা দল, সেটা মাথায় রাখবে। আর ঋষভ! ভাঙা পা নিয়ে যেভাবে ব্যাট করতে নামল, এটা সিরিজের অন্যতম সেরা মুহূর্ত। ও কোন জাতের ক্রিকেটার, আবার বুঝিয়ে দিল।'

ভূমিষ্ঠ

বাবা হলেন শুভাশিস বসু। স্ত্রী ও কন্যাসন্তানের সঙ্গে এই ছবি রবিবার পোস্ট করেছেন মোহনবাগান অধিনায়ক।

সঙ্কট নিয়ে দায় এড়াচ্ছে ফেডারেশন

আজকালের প্রতিবেদন

ভারতীয় ক্লাব ফুটবল এই মুহূর্তে জটিলতায়। ফেডারেশনের সঙ্গে ক্লাব জোটের বৈঠকেও আইএসএল নিয়ে অস্পষ্টতা কাটেনি। এর মধ্যেই ফেডারেশন সভাপতি কল্যাণ চৌবে একটি সাক্ষাৎকারে ভারতীয় ক্লাব ফুটবলের এই পরিস্থিতির জন্য ফেডারেশনের দায় নেই বলেই জানালেন। তাঁর কথায়, 'অবশ্যই একটা সমস্যার মধ্যে দিয়ে আমারা যাচ্ছি। তবে এই পরিস্থিতির জন্য আমরা দায়ী নই। কিছু মানুষ ভারতীয় ফুটবলের আমূল পরিবর্তন করে দেওয়ার দাবি করে, তারাই নিজেদের স্বার্থে এই পরিস্থিতি তৈরি করেছে। তবে আশা করি সবাই মিলে এই পরিস্থিতি থেকে বেরিয়ে আসতে পারব।'

ফেডারেশনের সঙ্গে বৈঠকের পরের দিনই ১১টি ক্লাব একটি চিঠি দিয়েছে। ক্লাবগুলো ভারতীয় ফুটবলের বর্তমান পরিস্থিতি নিয়ে ফেডারেশনকে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হওয়ার অনুরোধ করেছে। ফেডারেশন সভাপতি বলছেন, বৈঠকে আলোচনার পরেও এই চিঠি তাঁকে অবাক করেছে। যদিও বিষয়টি নিয়ে আইনি পরামর্শ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন। ফেডারেশন কি নিজের উদ্যোগে আইএসএল আয়োজন করতে পারে? কল্যাণ বলেছেন, 'সব রাস্তাই খোলা। তবে সবার সঙ্গে আলোচনা করেই ভারতীয় ফুটবলের উন্নতিতে সিদ্ধান্ত নেওয়া হবে।'

২০ বছর পর মূলপর্বে সুলঞ্জনারা

আজকালের প্রতিবেদন

ভারতের পুরুষ ফুটবল দলের ধারাবাহিক ব্যর্থতার মধ্যে প্রতিনিয়ত গর্বের কারণ হয়ে উঠছে মহিলা দল। কয়েকদিন আগে বাংলার সঙ্গীতা বাসফোরের গোলে ২২ বছর পর মহিলা এশিয়ান কাপের মূলপর্বের ছাড়পত্র পেয়েছিল ভারত। রবিবার পালা ছিল ভারতের মহিলা অনূর্ধ্ব ২০ দলের। মায়ানমারকে ১–০ হারিয়ে ২০ বছর পর মহিলাদের অনূর্ধ্ব ২০ এশিয়ান কাপের মূলপর্বে খেলার যোগ্যতা অর্জন করল ভারত। একমাত্র গোল করেন পূজা।

মায়ানমারের থুউন্না স্টেডিয়ামে ম্যাচের প্রথমার্ধ ভারতের দখলে থাকলেও দ্বিতীয়ার্ধে চাপ তৈরি করে আয়োজকরা। ২৭ মিনিটে প্রতি–আক্রমণ থেকে ম্যাচের পার্থক্য গড়ে দেন পূজা। বাঁদিকে থেকে নেহার ভাসানো বল মায়ানমারের গোলরক্ষক হাত লাগালেও ঠিকমতো বিপন্মুক্ত করতে পারেননি। ছিটকে বেরোনো বল নেহার পায়ে লেগে জালে জড়ায়। ম্যাচের শেষ দিকে বাংলার সুলঞ্জনা রাউলের হেড বারে লাগে। ভারতীয় দলকে প্রায় ২২ লক্ষ টাকা পুরস্কার দেওয়ার কথা ঘোষণা করেছে এআইএফএফ।

খেলার টুকরো

সোনা অনিমেষের

ওড়িশায় অনুষ্ঠিত ওয়ার্ল্ড কন্টিনেন্টাল ট্যুর ব্রোঞ্জ ইভেন্টের ২০০ মিটারে রবিবার সোনা জিতলেন ভারতের তারকা স্প্রিন্টার অনিমেষ কুজুর। মেয়েদের জ্যাভেলিন থ্রো–তে সোনা জিতেছেন অন্নু রানি। হাঁটুর অস্ত্রোপচারের পর নেমে মুরলী শ্রীশঙ্করও স্বর্ণপদক জেতেন।

জয়ী অস্ট্রেলিয়া

ডারউইনে প্রথম টি২০ ম্যাচে দক্ষিণ আফ্রিকাকে ১৭ রানে হারিয়েছে অস্ট্রেলিয়া। আগে ব্যাট করে অসিদের রান ১৭৮। টিম ডেভিডের ৫২ বলে ৮৩। মেরেছেন ৮টি ছয়। টি২০–তে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে কোনও অসি ব্যাটারের এটাই সর্বাধিক ছয়। জবাবে প্রোটিয়ারা থামে ১৬১/৯–এ।

প্রকাশ্যে ক্ষমা

আইএফএ–র বিরুদ্ধে অবমাননাকর মন্তব্যের জন্য দু'ম্যাচ নির্বাসিত হয়েছেন সুরুচি সঙ্ঘের কোচ রঞ্জন ভট্টাচার্য। শৃঙ্খলারক্ষা কমিটির নির্দেশ মেনে রবিবার সাংবাদিক সম্মেলনে নিজের ভুল স্বীকার করে প্রকাশ্যে ক্ষমা চাইলেন তিনি। উপস্থিত ছিলেন সুরুচির সচিব স্বরূপ বিশ্বাসও।

ম্যারাথনে মৃত্যু

মহারাষ্ট্রের থানেতে রবিবার ২১ কিমি ম্যারাথনে অংশ নিয়েছিলেন বেনে দেওয়াসি। ম্যারাথন শেষ করে বাড়ি ফিরে মৃত্যু হয় তাঁর। নিয়মিত ম্যারাথনে অংশ নিতেন তিনি। পরিবারের দাবি, এদিন বাড়ি ফিরে আসার কিছুক্ষণের মধ্যেই মাটিতে লুটিয়ে পড়েন।

TATA

টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড ঠিকানা: ১২ তলা, টাওয়ার 'এ', পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই–৪০০০১৩
ব্রাঞ্চের ঠিকানা: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা–৭০০০১৬

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–সহ পঠনীয় রুল ৮(৬) অধীনে]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল রুল ৮(৬) ও রুল ৯(১)–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ–ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ ('ঋণগ্রহীতাগণ')–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)–এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা টিসিএইচএফএল–এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ–ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য **'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে' ভিত্তিতে ১২.০৯.২০২৫** তারিখে বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না–হলে নিম্নবর্ণিত সম্পত্তি **১২.০৯.২০২৫ তারিখে দুপুর ২টোয়** ই–নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। ই–নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফ্ট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ **১১.০৯.২০২৫ বিকেল ৫টার** মধ্যে টিসিএইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের কাছে ব্রাঞ্চের এই ঠিকানায় জমা দিতে হবে: **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড,** অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা– ৭০০০১৬।
সুরক্ষিত পরিসম্পদ/স্থাবর সম্পত্তির বিক্রি **'যেখানে আছে', 'যেমন আছে' এবং 'যা কিছু আছে'** ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)–এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	তারিখে বকেয়া
১	TCHIN0500000100162782 এবং TCHHF0500000100162238	মিঃ রাঘব শরাফ, পিতা অলোক শরাফ মিসেস রশ্মি শরাফ, পিতা রাজেন্দ্র কুমার ভারতীয়া মেসার্স ছাপ্পান ভোগ, প্রতিনিধি এর পার্টনার– জামিনদার	₹১,৪৯,০১,১৬৭/– বকেয়া TCHHF0500000100162238–এ এবং ₹৩,২৯,৭৪৫/– বকেয়া TCHIN0500000100162782–এ, যা মোট ₹১,৫২,৩০,৯১২/– ও ১১.০৭.২০২৪	₹২,১৬,৯৬,০০০/– (দুই কোটি ষোলো লক্ষ ছিয়ানব্বই হাজার টাকা মাত্র) **বায়না জমা** ₹২১,৬৯,৬০০/– (একুশ লক্ষ উনসত্তর হাজার ছয়শ টাকা মাত্র) **দখলের প্রকৃতি:** বাস্তবিক	₹৩৮৫০৫০/– আপনাদের কাছে বকেয়া TCHIN0500000100162782–এ ও ₹১৬৭৮১৭০০/– TCHHF0500000100162238–এ, মোট ₹১৭১৬৬৭৫০/– ২৯.০৭.২০২৫ অনুযায়ী

স্থান: কলকাতা
তারিখ: ১১.০৮.২০২৫

স্বাঃ– অনুমোদিত আধিকারিক
টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ALLAHABAD

আসানসোল মেন ব্রাঞ্চ
৩৫৭ ও ৩৫৮, জি টি রোড, আসানসোল,
জেলা– পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ, পিন–৭১৩১০১
ই–মেল: asansol.A659@indianbank.co.in

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৮(৬) ও ৯(১)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত **ইন্ডিয়ান ব্যাঙ্ক, আসানসোল মেন ব্রাঞ্চ (সুরক্ষিত ঋণদাতা)**–এর কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, **ইন্ডিয়ান ব্যাঙ্ক, আসানসোল মেন ব্রাঞ্চ (সুরক্ষিত ঋণদাতা)**–এর অনুমোদিত আধিকারিক **মেসার্স ইউনাইটেড মোটর স্টোরস, প্রোপ্রাইটর: মিঃ ঋষি মতরেজা,** ৬২, সাঈদ কমার্শিয়াল কমপ্লেক্স, মুরগাসোল, জি টি রোড, আসানসোল, পিন–৭১৩৩০৩–এর থেকে **১৩.০২.২০২৫** তারিখের ভিত্তিতে ইন্ডিয়ান ব্যাঙ্ক, আসানসোল মেন ব্রাঞ্চ (সুরক্ষিত ঋণদাতা)–এর পাওনা বাবদ **₹২,৭০,৬৭,৫৬৫.০০ (দুই কোটি সত্তর লক্ষ সাতষট্টি হাজার পাঁচশো পঁয়ষট্টি টাকা মাত্র),** তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি সমেত পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তিগুলির বাস্তবিক দখল নিয়েছেন যেগুলি **২৯.০৮.২০২৫** তারিখে **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে।
ই–নিলাম উপায়ে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তির নির্দিষ্ট বিবরণ এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) ব্রাঞ্চের নাম	স্থাবর সম্পত্তি(গুলি)র বিশদ বিবরণ	সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক গ) বিড বাড়ানোর মূল্য ঘ) সম্পত্তির ওপর দায় ঙ) দখলের প্রকৃতি
১	ক) মেসার্স ইউনাইটেড মোটর স্টোরস প্রোপ্রাইটর: মিঃ ঋষি মতরেজা ৬২, সাঈদ কমার্শিয়াল কমপ্লেক্স, মুরগাসোল, জি টি রোড, আসানসোল, পিন–৭১৩৩০ মিঃ ঋষি মতরেজা … খ) আসানসোল মেন ব্রাঞ্চ	সম্পত্তি নং ১: তফসিল 'এ': জেলা– বর্ধমান, মহকুমা ও সাব রেজিস্ট্রি– আসানসোল, থানা– আসানসোল সাউথ, মৌজা– আসানসোল, জে এল নং ৩৫, সামান্য কমবেশি ১৪ (চোদ্দ) কাঠা ৩ (তিন) ছটাক জমির অপরিহার্য সমগ্র পরিমাণ, আর এস প্লট নং ৯৫৬, আর এস খতিয়ান নং ৪৫৯। উপরোক্তের তফসিল 'বি': যাবতীয় এজমালি অধিকার সমেত উপরোক্ত তফসিল 'এ'–তে উল্লিখিত জমিতে নির্মিত 'রিয়া রেসিডেন্সি' নামক জি+৪ তলবিশিষ্ট …	₹২,৭০,৬৭,৫৬৫.০০ (দুই কোটি সত্তর লক্ষ সাতষট্টি হাজার পাঁচশো পঁয়ষট্টি টাকা মাত্র), ১৩.০২.২০২৫ অনুযায়ী, তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ …	ক) সম্পত্তি নং ১: ₹৩৩,০৪,০০০.০০ (*) (তেত্রিশ লক্ষ চার হাজার টাকা মাত্র) সম্পত্তি নং ২: ₹৫৬,৩৯,০০০.০০ (*) (ছাপান্ন লক্ষ উনচল্লিশ হাজার টাকা মাত্র) সম্পত্তি নং ৩: ₹৬৩,৬৭,০০০.০০ (*) (তেষট্টি লক্ষ সাতষট্টি হাজার টাকা মাত্র) … ঘ) সম্পত্তি নং ১: IDIB50030387681A সম্পত্তি নং ২: IDIB50030387681B সম্পত্তি নং ৩: IDIB50030387681C … ঙ) বাস্তবিক দখল

প্রপার্টি আইডি: IDIB50030387681A–এর QR কোড
ই–নিলামের ওয়েবসাইট | নথিসমূহ | সম্পত্তির অবস্থান | সম্পত্তির ছবি

প্রপার্টি আইডি: IDIB50030387681B–এর QR কোড
ই–নিলামের ওয়েবসাইট | নথিসমূহ | সম্পত্তির অবস্থান | সম্পত্তির ছবি

প্রপার্টি আইডি: IDIB50030387681C–এর QR কোড
ই–নিলামের ওয়েবসাইট | নথিসমূহ | সম্পত্তির অবস্থান | সম্পত্তির ছবি

যোগাযোগের ব্যক্তি: প্রশান্ত কুমার ত্রিপাঠী (অনুমোদিত আধিকারিক এবং ব্রাঞ্চ ম্যানেজার), মোবাইল: ৯৯৩৫৫ ০৮৩৭৪

(*) বিক্রয়মূল্য অবশ্যই নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি হতে হবে

পরিদর্শনের তারিখ: ১৮.০৮.২০২৫ থেকে ২২.০৮.২০২৫, সময়: সকাল ১১টা থেকে বিকেল ৪টা
ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ২৯.০৮.২০২৫, সময়: সকাল ১০টা থেকে সন্ধে ৭টা
ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ওয়েবসাইট (https://baanknet.com) দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন (ই–মেল: support.baanknet@psballiance.com)। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক support.baanknet@psballiance.com মেল আইডি–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://baanknet.com ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই হেল্পডেস্ক নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ১১.০৮.২০২৫
স্থান: আসানসোল

অনুমোদিত আধিকারিক
ইন্ডিয়ান ব্যাঙ্ক